মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ২ জন আহত

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় মেহেদি (২১) ও রাজ ◌ু(২০) নামে ২ জন আহত হয়েছে। মঙ্গলবার সন্ধ্যার সময় বল্লভপুর আনন্দবাস সড়কে এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বল্লভপুর-আন্দবাস সড়কে আনন্দবাস থেকে ২টি মটরসাইকেল ওভার স্পিডে রেস দিয়ে বল্লভপুরের দিকে আসছিল এ সময় বাগোয়ান তেকোনা পুকুর সংলগ্ন ঘাস বোঝায় ভ্যান গাড়ি কে ওভারটেক করার সময় রেস প্রদানকারী ২ মটরসাইকেলের হ্যান্ডেল বারে পাশাপাশি বেঁধে যাওয়ার ফলে মারাত্মক দুর্ঘটনার স্বীকার হয় একটি মটোরসাইকেল, দুর্ঘটনা কবলিত মটরসাইকেলটি চালক গোপালনগর গ্রামের মৃত আরশাদ আলীর ছেলে মেহেদী এবং আরোহী একই গ্রামের রাজ এর ছেলে রাজু আহত হয়।

স্থানীয় পথচারিরা তাদের উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

গাড়ির চালক মেহেদীর অবস্থা আশংকাজনক হওয়ায় মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এর কর্তব্যরত চিকিৎসক মেহেদীকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

১৫ ই আগষ্ট পালন উপলক্ষ্যে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের প্রস্তুতি সভা

মুজিবনগরে ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তুতি সভা করেছে উপজেলা আওয়ামীলীগ। মঙ্গলবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলা

পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস সভাপতিত্বে ১৫ই আগষ্টের প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

এছাড়াও মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউল রহমান (নান্নু), সাধারণ সম্পাদক আব্দুর রশিদ (বল্টু), মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জামাত আলী, বাগোয়ান ইউনিয়নের আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক এবং বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সিনিয়র যুগ্ম সম্পাদক মাহবুব আলম, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মুংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম ঝুটিকা, সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সুজিত মন্ডল, সাধারণ সম্পাদক দানিয়েল মোল্লা, উপজেলা কাঁচা মাল ব্যাবসায়ী কমিটির সভাপতি সোহেল রানা, মোনাখালি ইউনিয়ন ১নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান (সোনা), দারিয়াপুর ইউনিয়ন ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ইয়ামিন আলী, বাগোয়ান ইউনিয়ন ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কামাল উদ্দিন,ওয়ার্ড সদস্য আনোয়ারুল ইসলাম, শংকর বিশ্বাস প্রমূখ উপস্থিত ছিলেন।

উপজেলা আওয়ামীলীগের কর্মসূচিতে ১৫ই আগষ্ট সকালে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের ব্যানারে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, র্ ◌্যালি এবং উপজেলার কেদারগঞ্জ বাজারে আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে জাতির জনক ও তার পরিবার এবং সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মিলাদ মহফিল।

কোটচাঁদপুরে সাংবাদিকদের সাথে

ইউএনও’র মতবিনিময়

ঝিনাইদহের কোটচাঁদপুরে কর্মরত বিভিন্ন মিডিয়ার সাংবাদিকদের সাথে সদ্য যোগদান কৃত উপজেলার নবাগত নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ দেলোয়ার হোসেনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে উপজেলার নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় তিনি সাংবাদিকদের সমাজের দর্পন উল্লেখ করে দায়িত্ব পালনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

দেলোয়ার হোসেন সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের স্থলাভিষিক্ত হয়েছেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে অর্নাস মাষ্টারর্স ডিগ্রি অর্জন শেষে বিসিএস ৩৩ তম ব্যাচের প্রশাসনিক কর্মকর্তা হন।

এর আগে তিনি বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলায় দীর্ঘ ১ বছর ২৭ দিন নির্বাহী কর্মকর্তা হিসাবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। মুক্তিযোদ্ধা সন্তান দেলোয়ার হোসেন এর বাড়ি কুমিল্লা জেলায়।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সিনিয়র সাংবাদিক মোঃ নজরুল ইসলাম, কাজী মৃদুল, কামাল হাওলাদার, এসএম রায়হান উদ্দীন, মঈন উদ্দীন খাঁন, সুব্রত কুমার দাশ, অশোক দে সহ বিভিন্ন ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক।

আলমডাঙ্গায় ট্রেনে কাটা অজ্ঞাত যুবকের লাশ উদ্ধার

আলমডাঙ্গার রেল জগন্নাথপুরে ট্রেনে কেটে অজ্ঞাত এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার সকাল ৯ টার দিকে জগন্নাথপুর চেংখালী মাঠ থেকে ওই যুবকের মরদেহ উদ্ধার করে রেলওয়ে পুলিশ। পরে মরদেহ ময়না তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠায়।

জানাগেছে, আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়নের রেল জগন্নাথপুর

গ্রামের চেংখালী মাঠে কয়েকজন কৃষক মাঠে যাচ্ছিলো।
সকালে স্থানীয় লোকজন রেল লাইনের উপরে দুই হাত বিচ্ছিন্ন রক্তাক্ত লাশ দেখতে পায়।

বিষয়টি এলাকাজুড়ে ছড়িয়ে পড়লে স্থানীয়রা চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশকে খরব দেয়। দুপুরে চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে ময়নাতদন্তের জন্য পাঠায়। তবে নিহত যুবকের পরিচয় জানতে পারেনি পুলিশ ও স্থানীয়রা ।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক নরেশ চন্দ্র দাস জানান, ভোরে খুলনা থেকে পোড়াদহগামী মালবাহী ট্রেনে কাটা পড়ে ওই যুবকের মৃত্যু হয়। পরে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে। তার নাম পরিচয় শনাক্ত করা যায়নি। মরদেহ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

গাংনীতে সরকারি কাজে বাঁধা- এসিল্যান্ড গিয়েই নিষ্পত্তি

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের পাকুড়িয়া গ্রামের ভুমিহীন মুক্তি মন্ডল বরাদ্দ পান প্রধানমন্ত্রীর কার্যালয়ের বিশেষ অগ্রাধিকার প্রকল্পের আশ্রয়ণ প্রকল্প-২ এর দুই শতক জমি ও ঘর। ঘর নির্মাণের জন্য স্থানীয় তহশীলদার জমির প্রস্তাবনাও দেন।

কিন্তুু কাজ করতে গিয়ে বাধাঁর মুখে পড়েন প্রকল্প বাস্তবায়ন অফিস। সরকারি জমি অবৈধ দখল করে ঘর নির্মাণ কাজে বাধাঁ প্রদান করে স্থানীয় মফেজ মন্ডলের ছেলে আজিজুল হক। এসিল্যান্ড গিয়েই নিষ্পত্তি করেন সমস্যা।

জানাগেছে, গাংনী উপজেলার ধানখোলা গ্রামের মুক্তি মন্ডল নামের এক ভুমিহীনকে প্রধানমন্ত্রীর প্রকল্পের জমি ও ঘর প্রদান কাজের বাস্তবায়ন কাজ করছেন উপজেলা প্রশাসন ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস।

সোমবার দুপুরে গাংনীর পাকুড়িয়া গ্রামের মুক্তি মন্ডলের ঘর নির্মাণ কাজ শুরু করে প্রকল্প বাস্তবায়ন অফিস। কিন্তু সরকারি জমি অবৈধ দখলদার আজিজুল হকের পরিবার থেকে কাজ বন্ধ করে দেন। পিআইও অফিস থেকে কাজ দেখাভালের দায়িত্বরত সহকারি শাহিনুজ্জামান উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খামনকে অবহিত করলে তিনি সহকারি কমিশনার ভুমি নাজমুল আলমকে ঘটনা স্থলে যেয়ে বিষয়টি নিষ্পত্তি করার নির্দেশ দেন।

সহকারি কমিশনার (ভুমি) নাজমুল আলম গাংনী থানা পুলিশের একটি টিম নিয়ে ঘটনাস্থলে পৌছান। স্থানীয়দের সাথে কথা বলেন এবং তা খুব সহজেই নিষ্পত্তি করেন। পরে ঘর নির্মাণ কাজ শুরু করে পিআইও অফিস।

কুষ্টিয়ায় বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী পালন

কুষ্টিয়া জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের ৯১তম জন্মবার্ষিকী পালন উপলক্ষ্যে আলোচনা সভা, সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।
রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত অনুষ্ঠানে কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে ভার্চুয়ালি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি।

এসময় পুলিশ সুপার মো: খাইরুল আলম, কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক মোছাঃ শারমিন আখতার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ সিরাজুল ইসলাম. স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃণাল কান্তি দে, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আর. এম. সেলিম শাহনেওয়াজ, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নুরে সফুরা ফেরদৌসসহ অনেকে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে প্রশিক্ষনপ্রাপ্ত ৪০ জন মহিলার মাঝে সেলাই মেশিন ও ৩০ জন নারীকে প্রত্যেককে নগদ একাউন্টের মাধ্যমে দুই হাজার করে টাকা প্রদান করা হয়।

ফুড এ্যান্ড নিউট্রেশন এসোসিয়েশনের কমিটি গঠন

ফুড এ্যান্ড নিউট্রেশন এসোসিয়েশন অফ চুয়াডাঙ্গার ১৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়েছে। এতে সভাপতি পদে আল-শাহরিয়া রোকন, সহ-সভাপতি দুইজন আনিকা জাহিন ও মাসুদ রানা, সাধারণ সম্পাদক তন্ময় রাজ, সহ-সাধারণ সম্পাদক দুইজন সাবিহা সুলতানা সিমু, ও রাসেল আহম্মেদ, সাংগঠনিক সম্পাদক শেখ আরাফাত রহমান, অর্থ সম্পাদক ইমরোজ পারভীন পায়েল, প্রচার সম্পাদক তানজির আফরোজ লিমা, দপ্তর সম্পাদক সালেহা খাতুন এবং কার্যকারী সদস্য ইসমোতার পারভীন কোয়েল, সিলভিয়া রুম্মান ও খন্দকার ওয়াসিফ রিয়াদ।

চুয়াডাঙ্গা জেলার যে সকল ছাত্র/ছাত্রী বিভিন্ন বর্ষে ইসলামী বিশ্ব বিদ্যালয়সহ দেশের ৭টি বিশ্ব বিদ্যালয়ে খাদ্য পুষ্টি বিজ্ঞানের লেখা পড়া করছে এসব নিউট্রেশন খুদে পুষ্টিবিদ (এফএনএসি) নিয়ে এ কমিটি গঠিত হয়েছে। এছাড়া এ কমিটির ৪ জন উপদেষ্টা পরিষদ রয়েছে।

এরা হলেন, চট্রগ্রাম ডায়াবেটিক জেনারেল হাসপাতালের পুষ্টি কর্মকতার্ ইকবাল হোসেন, নিউট্রিশন গ্রামীন জোন উন্নয়ন সংস্থার টেকনিক্যাল অফিসার বাবুল আক্তার, ফুড সেফটি ইকো সোশ্যাল ডেভেলাপমেন্ট আগার্নাইজেশন এর টেকনিক্যাল অফিসার ওমর ফারুক ও চুয়াডাঙ্গা ডায়াবেটিক হাসপাতালের পুষ্টিবিদ আতিকা মল্লিক আঁখি।

এসব খুদে পুষ্টিবিদ ইতোমধ্যে পাকৃষ্ণপুর গ্রামে ২শত নারী- পুরুষকে করোনা কালিন সময় স্বাস্থ্য বিধি মেনে খাদ্য ও পুষ্টি বিষয়ে ধারণা প্রদান করেছে। এছাড়া এ কমিটি আগামীতে চুয়াডাঙ্গা জেলার শহর ও গ্রাম পযার্য় সরাসরি ও অন লাইনের মাধ্যমে খাদ্য পুষ্টি সম্র্পকে ধারণা প্রদান করবেন বলে সহ-সভাপতি আনিকা জাহিন

প্রতিনিধিকে জানান।

দামুড়হুদায় যথাযথ মর্যাদায় শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী উদযাপন

দামুড়হুদায় যথাযথ মর্যাদায় শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১ তম জন্মবার্ষিকী উদযাপন পালন করা হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী, প্রধানমন্ত্রী শেখ হাসিনার মা, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়। ১৯৩০ সালের ৮ আগষ্ট গোপালগঞ্জ টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি।

দিবসটি উদযাপন উপলক্ষে রবিবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জানান উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন। এরপর শ্রদ্ধাঞ্জলি জানান উপজেলা বীর মুক্তিযোদ্ধারা, উপজেলা আঃলীগ, দামুড়হুদা প্রেসক্লাব, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। পুষ্পস্তবক শেষে শেখ ফজিলাতুন্নেছা মুজিবের সন্মানে এক মিনিট নিরাবতা পালান করে তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দোয়া অনুষ্ঠান শেষে উপজেলা পরিষদ সন্মেলন কক্ষে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আযোজনে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৬ জন অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনসুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আঃলীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মঞ্জু,উপজেলা বীর মুক্তিযোদ্ধা’র সাবেক কমান্ডার আছির উদ্দিন,মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন আঃ লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আঃ কাদির, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আঃ মতিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা নির্বাচন অফিসার ইসহাক, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ূব আলী, উপজেলা আনসার ও জিডিপি প্রশিক্ষক চায়না খাতুন প্রমূখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন,শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন একজন আদর্শ ও নীতিবান নারী।সবসময় স্বামীর রাজনৈতিক জীবনের প্রতিটি সঙ্কটে পরামর্শ দিয়ে পাশে থেকেছেন। আওয়ামী লীগের নেতাকর্মীদের যে কোনো বিপদে-আপদে পাশে থেকে সবসময় জুগিয়েছেন সাহস।যিনি ১৯৩০ সালের এই দিনে (৮ আগস্ট) গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি। ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাত্রিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তিন ছেলে, দুই পুত্রবধূ, আত্মীয়-স্বজনসহ দুষ্কৃতকারীদের গুলিতে তিনি শাহাদতবরণ করেন।শেখ ফজিলাতুন্নেছা মুজিব দেশের মানুষের কাছে বঙ্গমাতা হিসেবে পরিচিত। মাত্র ৩ বছর বয়সে তিনি বাবা শেখ জহুরুল হক ও ৫ বছর বয়সে মা হোসনে আরা বেগমকে হারান। তাঁর ডাক নাম রেনু।

ফজিলাতুন্নেছার দাদা শেখ কাসেম কশোরী বয়সেই তাঁকে বিয়ে দেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে। বয়স কম থাকার কারণে শাশুড়ি (বঙ্গবন্ধুর মা) সাহেরা খাতুন ফজিলাতুন্নেছাকে নিজের সন্তানদের সঙ্গে মাতৃস্নেহে লালন-পালন করেন। গোপালগঞ্জ মিশন স্কুলে তিনি প্রাথমিক লেখাপড়া করেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক প্রেরণা, শক্তি।

মুজিবনগর থানা পুলিশ সদস্যদের অগ্নিনির্বাপক প্রশিক্ষণ

মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশ সদস্যদের জরুরি অগ্নিনির্বাপক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। রবিবার বিকাল সাড়ে ৪ টার সময় মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর উদ্দ্যোগে মুজিবনগর থানা প্রাঙ্গনে অগ্নি নির্বাপণ ও উদ্ধার মহড়া ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মহড়ায় জরুরী অবস্থায় কোথাও আগুন লাগলে কিভাবে নিভাতে হয় তার ওপর বিভিন্ন কর্মকান্ড দেখানো হয়।
বিশেষ করে গ্যাস সিলিন্ডার, সহ ছোট খাটো আগুন লাগলে কিভাবে তাৎক্ষণিক আগুন নিয়ন্ত্রণ করা যায় তার বাস্তবধর্মী প্রশিক্ষণ সহ পুলিশ সদস্যদের নানা বিষয়ে বাস্তব জ্ঞান প্রদান করেন মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্টেশন অফিসার আব্দুর রাজ্জাক।

এসময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল হাশেম, (ওসি) তদন্ত শরিফুল ইসলাম, সেকেন্ড অফিসার এসআই মোমিনুর রহমানসহ পুলিশ সদস্যবৃন্দ। এসময় মেহেরপুর ফায়ার সার্ভিসে ও সিভিল ডিফেন্স স্টেশন অফিসার আব্দুর রাজ্জাক এর নেতৃত্বে স্টেশন এর সদস্যবৃন্দরা জরুরি অগ্নিনির্বাপক মহড়া প্রদর্শণ করেন।

শৈলকুপা ত্রিবেণী ইউনিয়নে গণ টিকার কার্যক্রম শুরু

শৈলকুপা উপজেলার ১ নং ত্রিবেণী ইউনিয়নে সরকারি প্রাথমিক বিদ্যালয় পঞ্চাশোর্ধ ব্যক্তিদেরকে টিকা প্রদান করা হয়েছে।

শনিবার সকালে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির ধর্মবিষয়ক সম্পাদক সাইফুর রহমান সেন্টু উপস্থিত থেকে টিকা কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এবং সাধারণ সম্পাদক এবং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ টিকা প্রদানের কর্মরত ছিলেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।